# জেলা পরিষদ
# ফেনী।

www.zp.feni.gov.bd

স্মারক নং-৪৬.২০.৩০০০.০০০.০০১.৯৯.০০১১.২৬. ৭৮-(৭০)

তারিখ:- ১৬ ফাল্গুন মাঘ ১৪৩২ / ০১ মার্চ ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ জেলা পরিষদ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৪২.১১.০০৪.১৭.৬২, তারিখ: ১৮ জানুয়ারী ২০২৬ এর ছাড়পত্রের প্রেক্ষিতে জেলা পরিষদ, ফেনী কার্যালয়ে নিম্নবর্ণিত শূণ্য পদসমূহের অনুকূলে ২০১৫ সালের জাতীয় বেতন স্কেল এবং জেলা পরিষদ চাকুরি বিধিমালা ১৯৯০ মোতাবেক নিম্নবর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রম. | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১ | ড্রাইভার | ০১ (এক) টি | ৯৭০০-২৩৪৯০ | ১৮-৩২ বছর | ৮ম শ্রেণী পাস এবং ভারী যানবাহন চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে। |
| ০২ | ইলেকট্রিশিয়ান | ০১ (এক) টি | ৯৩০০-২২৪৯০ | ১৮-৩২ বছর | স্বীকৃত কোন শিক্ষাবোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সরকার কর্তৃক কোন স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেকট্রিক ট্রেডের উপর ০৬ (ছয়) মাস মেয়াদী প্রশিক্ষণ সার্টিফিকেট থাকবে হবে। |
| ০৩ | বার্তাবাহক | ০১ (এক) টি | ৮৫০০-২০৫৭০ | ১৮-৩২ বছর | স্বীকৃত কোন শিক্ষাবোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৪ | অফিস সহায়ক | ০১ (এক) টি | ৮২৫০-২০০১০ | ১৮-৩২ বছর | স্বীকৃত কোন শিক্ষাবোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৫ | নৈশ প্রহরী | ০১ (এক) টি | ৮২৫০-২০০১০ | ১৮-৩২ বছর | অষ্টম শ্রেনী পাস এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে |

**আবেদনের শর্তাবলী:**

১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে।

২। প্রার্থীকে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

৩। আবেদনপত্রে খামের উপর পদের নাম উল্লেখপূর্বক প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফেনী বরাবরে আগামী ১২ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেলা পরিষদ, ফেনী এ আবেদন ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন গ্রহনযোগ্য নয়। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে), এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পস্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জেলা পরিষদ কার্যালয়, ফেনী এর অফিস হতে অথবা জেলা পরিষদ, ফেনী এর ওয়েবসাইট (www.zp.feni.gov.bd) এ পাওয়া যাবে।

৪। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

৫। প্রার্থীর বয়সসীমা ১২ এপ্রিল ২০২৬ তারিখে ১৮-৩২ বছর হতে হবে।

৬। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে:

(ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি ৫×৫ সেন্টিমিটার আকারের রঙ্গিন ছবি আবেদনে সংযুক্ত করতে হবে। সত্যায়ন কর্মকর্তার নাম, পদবীযুক্ত স্পষ্ট সিল থাকতে হবে।

(খ) সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফেনী এর অনুকূলে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার /ব্যাংক ড্রাফট পরীক্ষার ফি বাবদ জমা প্রদান করে পে-অর্ডার /ব্যাংক ড্রাফট এর মূলকপি (প্রথম কপি) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(গ) আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতা সনদ ও জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নাম ও পদবীযুক্ত স্পষ্ট সিল দ্বারা চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে।

(ঙ) পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের মূল সনদপত্র সংযুক্ত করত হবে।

(চ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে নিজ নাম ও ঠিকানা সম্বলিত ৪ইঞ্চি×১০ ইঞ্চি সাইজের ১০/- টাকা মূল্যের অব্যবহৃত ডাক টিকেটসহ একটি ফেরৎ খাম সংযুক্ত করতে হবে।

৭। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং ত্রুটি পূর্ণ /অসম্পূর্ন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৮। চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে, (বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য)।

৯। এ নিয়োগ সরকার কর্তৃক সময় সময় জারিকৃত কোটা সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করা হবে।

১০। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদের মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে। উল্লেখ্য জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদের প্রার্থীর নাম ঠিকানা ও জন্ম তারিখ অভিন্ন হতে হবে।

১৩। নিয়োগের ব্যাপারে কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১৪। একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবে না।

১৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। আবেদনপত্র গ্রহণ/বাতিল এবং নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপিল গ্রহণযোগ্য হবে না।

১৭। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। সন্তোষজনক শিক্ষানবিশকাল সমাপ্তির পর বিধি মোতাবেক নিয়োগ স্থায়ী করা হবে।

১৮। চাকুরির শর্তাবলী বেতন ভাতা/সুযোগ সুবিধার ক্ষেত্রে জেলা পরিষদ আইন-২০০০ এবং স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯০ এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশাবলী প্রযোজ্য হবে।

১৯। লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে নিয়োগ কার্যক্রম সম্পন্ন হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

২০। প্রার্থীদের নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।


(মাহফুজা মতিন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভা.প্রা.)
জেলা পরিষদ, ফেনী
ফোন: ০২৩৩৪৪-৭২৪০১
ceozpfeni@gamil.com.


স্মারক নং-৪৬.২০.৩০০০.০০০.০০১.৯৯.০০১১.২৬. ৭৮(১০)

তারিখ:- ১৬ ফাল্গুন মাঘ ১৪৩২ / ০১ মার্চ ২০২৬